# সহজ ফিকহ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যয়: ইবাদাত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জুমু‘আর সালাত

ক- জুমু‘আর সালাতের ফযীলত:

জুমু‘আর দিন সপ্তাহের সর্বোত্তম ও সম্মানিত দিন। আল্লাহ তা‘আলা এ দিনটিকে এ উম্মতের জন্য নির্দিষ্ট করেছেন এবং এতে তাদের জন্য জমায়েত হওয়া শরী‘আতসম্মত করেছেন। এ সমাবেশের হিকমত হলো মুসলিমের মধ্যে পরস্পর পরিচিতি, ভালোবাসা, দয়াশীলতা ও সাহায্য-সহযোগিতা বৃদ্ধি পাওয়া। জুমু‘আর দিন মুসলিমের সাপ্তাহিক ঈদের দিন এবং সূর্য উদিত দিনের মধ্যে সর্বোত্তম দিন।

খ- জুমু‘আর সালাতের হুকুম:

জুমু‘আর সালাত ফরয। আল্লাহ তা‘আলা বলেছেন,

﴿يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓاْ إِذَا نُودِيَ لِلصَّلَوٰةِ مِن يَوۡمِ ٱلۡجُمُعَةِ فَٱسۡعَوۡاْ إِلَىٰ ذِكۡرِ ٱللَّهِ وَذَرُواْ ٱلۡبَيۡعَۚ ٩﴾ [الجمعة: ٩]

“হে মুমিনগণ, যখন জুমু‘আর দিনে সালাতের জন্য আহ্বান করা হয়, তখন তোমরা আল্লাহর স্মরণের দিকে ধাবিত হও। আর বেচা-কেনা বর্জন কর”। [সূরা আল-জুমু‘আ, আয়াত: ৯]

জুমু‘আর সালাত দুই রাকাত। এ সালাতের জন্য গোসল করা ও তাড়াতাড়ি মসজিদে যাওয়া সুন্নাত।

গ- কার ওপর জুমু‘আর সালাত ফরয:

প্রত্যেক মুসলিম পুরুষ, প্রাপ্তবয়স্ক, স্বাধীন ও শর‘ঈ ওযর ব্যতীত সক্ষম ব্যক্তির ওপর জুমু‘আর সালাত ফরয।

ঘ- জুমু‘আর সালাতের ওয়াক্ত:

সূর্য ঢলে পড়ার আগে জুমু‘আর সালাত পড়া সহীহ হবে, তবে সূর্য ঢলে পড়ার পরে পড়া উত্তম। কেননা সূর্য ঢলে পড়ার পরেই রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময় জুমু‘আর সালাত আদায় করেছেন।

ঙ- কতজনের সমন্বয় জুমু‘আর জামা‘আত সংঘটিত হয়:

‘উরফ তথা প্রথাগতভাবে যতজন লোক হলে জামা‘আত হয় ততজন লোক হলেই জুমু‘আর সালাতের জামা‘আত সংঘটিত হয়।

চ- জুমু‘আর সালাত শুদ্ধ হওয়ার শর্তাবলী:

জুমু‘আর সালাত শুদ্ধ হওয়ার শর্ত পাঁচটি। যথা:

১- ওয়াক্ত।

২- নিয়াত।

৩- মুকিম হওয়া।

৪- ‘উরফ তথা প্রথাগতভাবে যতজন লোক জমায়েত হলে জামা‘আত হয় ততজন লোক একত্রিত হওয়া।

৫- জুমু‘আর সালাতের পূর্বে দু’টি খুৎবা দেওয়া। এতে আল্লাহর প্রশংসা, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওপর দুরূদ ও সালাম, কুরআনের কিছু আয়াত পাঠ ও আল্লাহর তাকওয়া অবলম্বনের অসিয়ত করা। জুমু‘আর সালাতে কিরাত এমন উচ্চস্বরে পড়া যাতে এ সালাতের জন্য শর্তানুযায়ী সংখ্যক লোক শুনতে পায়। ইমাম খুৎবা দেওয়ার সময় কথা বলা ও মানুষের ঘাড় ডিঙিয়ে সামনে যাওয়া হারাম। জুমু‘আর সালাত যোহর সালাতের স্থলাভিষিক্ত। কেউ ইমামের সাথে জুমু‘আর সালাতের এক রাকাত পেলে সে জুমু‘আর সালাত পেয়েছে বলে গণ্য হবে। আর যদি এক রাকাতের কম পায় তাহলে যোহর সালাতের নিয়ত করবে এবং চার রাকাত সালাত আদায় করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9617

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন